

## ফের পারিবারিক ভিসা দিচ্ছে কুয়েত

- A Monitor Desk Report

Date: 27 January, 2024



প্রবাসীদের জন্য ফের পারিবারিক ভিসা চালুর ঘোষণা দিয়েছে মধ্যপ্রাচ্যের দেশ কুয়েত। ২৮ জানুয়ারি আবেদন গ্রহণ শুরু হবে। দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্প্রতি এ তথ্য নিশ্চিত করেছে।

ঘোষণা অনুসারে, নতুন শর্ত ও মানদণ্ডের ভিত্তিতে প্রবাসীরা তাদের স্ত্রী ও সন্তানদের জন্য কুয়েতে ভিসার আবেদন করতে পারবেন। এক্ষেত্রে প্রবাসীর বেতন কমপক্ষে ৮০০ কুয়েতি দিনার হতে হবে; বিশ্ববিদ্যালয়ের সনদ থাকতে হবে এবং স্বামী-স্ত্রীকে একই কর্মক্ষেত্রে নিযুক্ত হতে হবে।

প্রসঙ্গত, জনসংখ্যা নিয়ন্ত্রণের উদ্যোগ হিসেবে দুই বছর আগে প্রবাসীদের পারিবারিক ভিসা স্থগিত করেছিল কুয়েত সরকার।

-B